



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.২৮২৩

২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরধীন রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ, রাজশাহী এর প্রধান শিক্ষক জনাব বেগম ইসাবেলা সাত্তার এর অবসরজনিত কারণে গত ০৭.০২.২০২৪ তারিখ বিদ্যালয়ের জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক জনাব মো: নূরুল ইসলাম ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করায় নিম্নোক্ত শর্তে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

#### শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/ জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৫-০৩-২০২৪  
দুর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.২৮২৩/১ (৯)

২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ..... বিভাগ, .....
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, .....
- ৫। উপজেলা/জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, .....
- ৬। প্রধান শিক্ষক, .....
- ৭। জনাব, .....
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা; এবং
- ৯। সংরক্ষণ নথি।



দুর্গা রানী-  
০৫-০৩-২০২৪

দুর্গা রানী সিকদার  
সহকারী পরিচালক-১